

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ মে, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং ১৪৯-আইন/২০১৯/১৮/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৩২-আইন/২০১৭/১৮/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading 85.41 এর বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“8541.10.00	Diode
8541.29.00	Transistor
8541.40.90	Light Emitting Diodes (LED)
8541.40.90	Transistor
8541.50.00	Thermistor
8541.60.00	Crystal diodes”;

- (২) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading -

- (ক) 39.26 এর বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“3926.90.99	Mobile cover (back/front/side cover)
3926.90.99	Mobile charger cover/ casing, upper cap, lower cap”;

- (খ) 48.11 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত Heading এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“73.19	7319.90.00	SIM slot ejector pin”;
--------	------------	------------------------

- (গ) 85.17 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত Heading এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ-

“85.38	8538.90.90	Charger connector pin”;
--------	------------	-------------------------

(৩) “শর্তসমূহ” শিরোনামাধীন এর-

- (ক) শর্ত ১ এ উল্লিখিত “সংযোজন করিয়া থাকেন” শব্দগুলির পর “অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদন করিয়া থাকেন” শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে।
- (খ) শর্ত ৪ এ উল্লিখিত “ডাক ও টেলিযোগাযোগ বিভাগের” শব্দগুলির পরিবর্তে “বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) শর্ত ৮ এ উল্লিখিত “উৎপাদন বা সংযোজন” শব্দগুলির পর “অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদন” শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

(৪) “পরিশিষ্ট-১” এ-

- (ক) উল্লিখিত “উৎপাদনকারী বা সংযোজনকারী” শব্দগুলির পর “অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদনকারী” শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;
- (খ) উল্লিখিত “উৎপাদন বা সংযোজনের” শব্দগুলির পর “অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য

যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদনের” শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

(গ) শেষাংশে উল্লিখিত “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ” শব্দগুলির পরিবর্তে “বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) “পরিশিষ্ট-২” এ উল্লিখিত “উৎপাদন বা সংযোজন” শব্দগুলির পর “অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদন” শব্দগুলি ও কমাগুলি ও সন্নিবেশিত হইবে।

২। ইহা ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব